

২৭  
১৩/১২/১৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
ফিউচার অফ ওয়ার্ক ল্যাব  
www.a2i.gov.bd

AP  
web Portal এ  
মেসার রশীদ রহমান  
১৩/১২/১৮

তারিখ: ১৮ পৌষ ১৪৩১  
০২ জানুয়ারি ২০২৪

মাহমুদা মুন্সেরা  
১৮ পৌষ ১৪৩১  
০২ জানুয়ারি ২০২৪

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.১

বিষয়: যুবদের দক্ষতা ও কর্মসংস্থান বিষয়ক ম্যাচমেকিং প্ল্যাটফর্ম National Intelligence for Skills, Education, Employment and Entrepreneurship-NISE ((<https://nise.gov.bd>)) -এ বেকার যুবদের নিবন্ধন কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট কর্মসংস্থান নিশ্চিতকরণের বিকল্প নাই। সে লক্ষ্যে ইতোমধ্যে এটুআই কর্তৃক নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যার মধ্যে যুবদের দক্ষতা ও কর্মসংস্থান বিষয়ক ম্যাচমেকিং প্ল্যাটফর্ম National Intelligence for Skills, Education, Employment and Entrepreneurship (NISE) অন্যতম।

২। দেশের দক্ষ যুবদেরকে স্মার্ট কর্মসংস্থানে যুক্ত করার লক্ষ্যে এটুআই - এর দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোক্তা তৈরি বিষয়ক ডাটাত্তিক ম্যাচমেকিং প্ল্যাটফর্ম "ন্যাশনাল ইন্টেলিজেন্স ফর স্কিলস, এডুকেশন, ইমপ্লয়মেন্ট এন্ড এন্টারপ্রেনিয়রশিপ (NISE)" কাজ করে যাচ্ছে। উক্ত প্ল্যাটফর্মে ২০০০ এর অধিক শিল্প-প্রতিষ্ঠান তাদের চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি নিয়মিতভাবে প্রকাশ করছে। এখন পর্যন্ত বিভিন্ন পেশায় ১৫ হাজারের বেশি চাকরির সুযোগ লাইভ রয়েছে। এই চাকরিসমূহের জন্য দক্ষ কর্মী প্রয়োজন। ইতোমধ্যে সরকারের ১২টি মন্ত্রণালয় / বিভাগের আওতাধীন ২০টি অধিদপ্তর / সংস্থা এ প্ল্যাটফর্মে যুক্ত হয়েছে এবং এ সকল প্রতিষ্ঠানসমূহের কোর্স সম্পন্নকারী যুবগণ সরাসরি চাকরিতে আবেদন করতে পারছেন। তাদেরকে সম্পূর্ণ করে জেলা পর্যায়ে নিয়মিতভাবে স্মার্ট কর্মসংস্থান মেলা আয়োজন করা হচ্ছে। বর্তমানে ১০ লক্ষাধিক বেকার যুব NISE প্ল্যাটফর্মে সম্পূর্ণ থেকে এ সুযোগসমূহ পাচ্ছেন।

৩। বেকার যুবদেরকে উক্ত প্ল্যাটফর্মে নিবন্ধন করানো হলে আপনার নেতৃত্বে জেলায় স্মার্ট কর্মসংস্থান মেলা আয়োজনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে। এ লক্ষ্যে আপনার আওতাধীন জেলার যুবদের বর্ণিত প্ল্যাটফর্মে নিবন্ধন করতে উৎসাহ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(এ বিষয়ে যে কোন প্রয়োজনে জনাব মোঃ জিল্লুর রহমান, স্কিলস এন্ড এমপ্লয়মেন্ট পলিসি এসোসিয়েট, এটুআই, ০১৬৭৭৬৩২৩৯, [zillur.rahman@a2i.gov.bd](mailto:zillur.rahman@a2i.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।)

০২-০১-২০২৪  
মোঃ মামুনুর রশীদ ভূঞা  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
৫৫০০৬৯৩১  
[pd@a2i.gov.bd](mailto:pd@a2i.gov.bd)

জেলা প্রশাসক সকল।